

## 📃 আত-তাগাবুন | At-Taghabun | ٱلتَّغَابُن

আয়াতঃ ৬৪:৮

## **া** আরবি মূল আয়াত:

## فَامِنُوا بِاللهِ وَ رَسُولِهِ وَ النُّورِ الَّذِي اَنزَلنَا ؟ وَ اللهُ بِمَا تَعمَلُونَ خَبِيرٌ هُمُ

## 

অতএব তোমরা আল্লাহ ও তাঁর রাসূলের এবং আমি যে নূর অবতীর্ণ করেছি তার প্রতি ঈমান আন। আর তোমরা যে আমল করছ আল্লাহ সে বিষয়ে সম্যুক অবহিত। — আল-বায়ান

কাজেই (এ অবস্থার কথা চিন্তা ক'রে) তোমরা ঈমান আনো আল্লাহর প্রতি ও তাঁর রসূলের প্রতি আর সেই নূর (কুরআন)-এর প্রতি যা আমি অবতীর্ণ করেছি। তোমরা যা কর সে ব্যাপারে আল্লাহ পুরোপুরি অবগত। — তাইসিরুল অতএব তোমরা আল্লাহ, তাঁর রাসূল ও যে জ্যোতি আমি অবতীর্ণ করেছি তাতে বিশ্বাস স্থাপন কর। তোমাদের কৃতকর্ম সম্পর্কে আল্লাহ সবিশেষ অবহিত। — মুজিবুর রহমান

So believe in Allah and His Messenger and the Qur'an which We have sent down. And Allah is Acquainted with what you do. — Sahih International

- ৮. অতএব তোমরা আল্লাহ, তাঁর রাসূল ও যে নূর আমরা নাযিল করেছি তাতে ঈমান আন(১)। আর তোমাদের কৃতকর্ম সম্পর্কে আল্লাহ্ সবিশেষ অবহিত।
  - (১) এখানে নূর বা জ্যোতি বলে কুরআনকে বোঝানো হয়েছে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৮) অতএব[1] তোমরা আল্লাহ, তাঁর রসূল ও যে জ্যোতি আমি অবতীর্ণ করেছি, তাতে বিশ্বাস স্থাপন কর।[2] তোমাদের কৃতকর্ম সম্পর্কে আল্লাহ সবিশেষ অবহিত।
  - [1] فَاَمِنُوا 'ফা' অক্ষরটিকে বলা হয় 'ফা ফাসীহাহ' (যার অর্থঃ অতএব, সুতরাং, তাহলে) যা প্রমাণ করছে যে, এর পূর্বে কোন শর্ত উহ্য আছে। অর্থাৎ, ব্যাপার যখন এই রকমই যা বর্ণিত হয়েছে, সুতরাং তোমরা আল্লাহ এবং তাঁর রসূলের উপর ঈমান আন এবং তাঁকে সত্য বলে মানো।
  - [2] নবী (সাঃ)-এর সাথে যে নূর অবতীর্ণ করা হয়েছে, তা হল এই কুরআন মাজীদ। যার দ্বারা ভ্রষ্টতার অন্ধকার দূরীভূত হয় এবং ঈমানের জ্যোতি বিচ্ছুরিত হয়।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5207

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন